

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প</p> <p>কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি</p> <p>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		

সম্ভাব্য বন্যা থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ
(সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলার জন্য):

প্রকাশের তারিখ: ৩০ জুন, ২০২৩

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের পূর্বাভাস অনুসারে আগামী ৭২ ঘণ্টায় সুরমা, কুশিয়ারা, সারিগোয়াইন, সোমেশ্বরী, যদুকাটা নদীসমূহের পানি সমতল দ্রুত বৃদ্ধি পেয়ে সিলেট সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলার কতিপয় নিম্নাঞ্চলে স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতির সৃষ্টি করতে পারে। সিলেট সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলায় বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দস্তায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। দ্রুত পরিপক্ক সবজি সংগ্রহ করে ফেলুন।
- ২। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন খানের জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৩। জমির আইল উঁচু করে দিন।
- ৪। ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলার ব্যবস্থা রাখুন।
- ৫। সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- ৬। কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৭। গবাদি পশু ও হাঁসমুরগী উঁচু জায়গায় রাখুন।
- ৮। পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন বন্যার পানিতে মাছ ভেসে না যায়।



ড: মো: শাহ কামাল খান
প্রকল্প পরিচালক

যোগাযোগ নম্বর ০১৭১২১৮৪২৭৪ :

ইমেইল: kamalmoa@gmail.com